

করে। তাদের আপোষমূলক বিনিময়ও সহজেই সম্ভব। বহুভাষী তথা বহুজাতিক রাষ্ট্রের তুলনায় একভাষী একজাতি রাষ্ট্রের শাসন-পরিচালনা সহজতর। ইউরোপে তেমন দৃষ্টান্ত আছে; আরো ভাল দৃষ্টান্ত স্থাপন করা যায়। সুতরাং বিনয়কুমার এ-প্রসঙ্গে গুরুতর ভুল করেছেন। হার্ডারের প্রতিবাদে যা বলা হয়েছে, তাও যুক্তিহীন।

মানবগোষ্ঠীর মূলগত ঐক্য সম্বন্ধে তথা প্রাচ্য-পাশ্চাত্য জীবনবোধের সাম্য বিষয়ে বিনয়কুমার যা বলেছেন ও হরিদাসবাবু যে ব্যাখ্যা করেছেন, তার উচ্ছ্বসিত প্রশংসানা করে থাকার কারণ নয়। এই বইটি পড়লে আমাদের বহুদিনের সঞ্চিত অনেক কুসংস্কার দূর হবে। লেখকের উপস্থাপনা উদ্ভৃতি-বহুল এবং একটু বিক্ষিপ্ত হলেও গ্রন্থটি সুখপাঠ্য তো বটেই, অবশ্য পাঠ্য।

—শ্রীমলকুমার চট্টোপাধ্যায়

পারুল পারুল পারুলটি : অনিত্যভ সেন। 'অক্ষর' : ৩২/৭, বিডন স্ট্রীট, কলিকাতা-৬। দাম : ০.৪১।

আমাদের দেশে কিশোর ও শিশু সাহিত্যে বড় দৈত্য। আজ যারা ছোট, তাদের হাতে কোন বই তুলে দিতে হলে সত্যিই আমাদের চিন্তিত হতে হয়। শিশু রোমাঞ্চকর ডিটেকটিভ ও ভূতের গল্পের প্লাবনের মধ্য থেকে কি ভাবে আমরা নির্বাচিত করব সুরচি এবং শিশু ও কিশোর মনের সাথে সঙ্গতি রেখে। শিশু ও কিশোর মনের কাছে পরীক্ষোত্তীর্ণ যে স্বল্প সংখ্যক উন্নতমানের কিশোর সাহিত্য আছে অধুনা তার সাথে সংযোজন খুব অল্পই হচ্ছে। "পারুল পারুল পারুলটি"কে আমরা নিঃসন্দেহে একটি সংযোজন বলতে পারি।

শিশু মনের কাছে ছড়ার মূল্য চিরকালীন। বইটি আঠারোটি ছড়ার সংকলন। এর মধ্যে 'হু একটা' 'শিকারী' 'বৃষ্টি এলো' 'মাধনার কল' প্রভৃতি ছড়াগুলিতে সত্যিই শিশুরা আনন্দ পাবে। তবে হু একটা ছড়াতে

কবি পূর্বসূরীদের প্রভাব অতিক্রম করতে পারেন নি। প্রতিটি ছড়াতেই সুন্দর ছবি। বইটির হু রঙা প্রচ্ছদপট আরো একটি বিশেষ আকর্ষণ। আমরা বইটির বহুল প্রচার কামনা করি।

—শ্রীমল দে

ঝড় খামবে : শ্রীপারাবত। গ্রন্থ জগৎ : ৬, বঙ্কিম চাট্টো স্ট্রীট, কলিকাতা-১২। দাম : আড়াই টাকা।

বাংলাদেশের জনপ্রিয় লেখকেরা প্রায় প্রত্যেকেই ক্ষয়িষ্ণু মধ্যবিত্ত পরিবার নিয়ে উপগ্রাস লিখেছেন। এই মধ্যবিত্ত পরিবারের মানুষগুলো আর তাদের সুখহঃখ, আমাদের কাছে তাই পরিচিত।

শ্রীপারাবতের প্রথম উপগ্রাস 'ঝড় খামবে'র বিষয়বস্তুও ক্ষয়িষ্ণু মধ্যবিত্ত পরিবার। সুখ আর দুঃখের দোলা এই মানুষগুলোকে কেমনভাবে আন্দোলিত করে তার এক বিচিত্র কাহিনী 'ঝড় খামবে'। নায়ক বিনয় ঘোষের আত্মজীবনীমূলক রচনা এই উপগ্রাসটি। বিনয় ঘোষের গ্রাম থেকে শহরে আসা, গ্রাম জীবনের বিভিন্ন ছবি এবং নাগরিক জীবনের অন্তর্দ্বন্দ্বের চিত্র লেখক মুসীমানার সঙ্গে ফুটিয়ে তুলেছেন। তবে এই উপগ্রাসটির বিভিন্ন পরিচ্ছদগুলিকে একত্র সংযোজনে লেখকের ক্রটি রয়েছে। উপগ্রাসটি পড়তে পড়তে তাই পাঠকের মনে হতে পারে এটি আসলে কতকগুলি শ্মৃতিচিত্রেরই সংযোজন।

সুখের কথা আজকের দিনে বিদেশী প্রভাবযুক্ত বিকৃতকৃতির লেখকদের মত শ্রীপারাবত জনপ্রিয় হবার সহজ পথে এগোন নি। সুস্থ, সুন্দর সমাজ গড়ে তুলতে লেখকদের প্রয়োজন অসাধারণ। একথা তুলে গিয়ে নাম পাবার সহজ পথে যারা এগিয়েছেন তাদের মত অসুস্থ মানসিকতার চিহ্ন নেই শ্রীপারাবতের রচনায়। উপগ্রাসটির ভাষা স্বচ্ছ। শিল্পী দেবব্রত মুখোপাধ্যায়ের প্রচ্ছদটি মনোরম।

—শ্রীমাপ্রসাদ সরকার